

# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৪৪৭

بَابُ مَا جَاءَ فِي صِفَةِ أَوَانِي الحَوْضِ

#### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا يَحْيَى بْنُ صَالِح، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُهَاجِرِ، عَنِ الْعَبَّاسِ، عَنْ أَبِي سَلَامٍ الْحَبَشِيّ، قَالَ بَعَث إِلَيَّ عُمَّرُ بْنُ عَبْدِ الْعَزِيزِ فَحُمِلْتُ عَلَى الْبَرِيدِ . قَالَ فَلَمَّا دَخَلَ عَلَيْهِ قَالَ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ لَقَدْ شَقَّ عَلَى مَرْكَبِي الْبَرِيدُ . فَقَالَ يَا أَبَا سَلاَمٍ مَا أَرَدْتُ أَنْ أَشُقَّ عَلَيْكَ وَلَكِنْ بَلَغَنِي عَنْكَ حَدِيثٌ تُحَدِّثُهُ عَنْ ثَوْبَانَ عَنِ النَّبِيّ صلى الله عليه وسلم فِي الْحَوْضِ فَأَحْبَبْتُ أَنْ تُشَافِهِنِي بِهِ . قَالَ أَبُو سَلاَمٍ حَدَّثَنِي صلى الله عليه وسلم قَالَ " حَوْضِي مِنْ عَدَنَ إِلَى عَمَّانَ الْبُلْقَاءِ مَاوُّهُ أَشَدُ بَيَاضًا مِنَ اللَّبِيّ صلى الله عليه وسلم قَالَ " حَوْضِي مِنْ عَدَنَ إِلَى عَمَّانَ الْبُلْقَاءِ مَاوُّهُ أَشَدُ بَيَاضًا مِنَ اللَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " حَوْضِي مِنْ عَدَنَ إِلَى عَمَّانَ الْبُلْقَاءِ مَاوُّهُ أَشَدُ بَيَاعَنَا مِنْ اللَّبِي وَأَحْلَى مِنَ الْعَسَلِ وَأَكَاوِيبُهُ عَدَدُ نُجُومِ السَّمَاءِ مَنْ شَرِبَ مِنْهُ شَرْبَ مَنْهُ شَرْبَةً لَمْ يَظْمَأُ بَعْدَهَا أَبَدًا أَوَّلُ النَّاسِ وُرُودًا عَلَيْهِ فَقَرَاءُ الْمُهَاجِرِينَ الشَّعْثُ رُءُوسًا النَّيْسِ ثِيَابًا الَّذِينَ لاَ يَنْكِحُونَ الْمُتَنَعِّمَاتِ وَلاَ تُفْتَحُ لَهُمُ السُّدَدُ " . قَالَ عُمَرُ لَكِنِي نَكَحْتُ اللهُ عَلَى اللَّهُ عَرَانَ لاَ جَرَمَ أَنِي لاَ أَغْسِلُ رَأْسِي الْمُنَانَ عَنِ السُّمَةُ مِنْ مَنْ الله عليه وسلم . وَأَبُو سَلاَمٍ الْحَبَشِيُّ اسْمُهُ مَمْطُورٌ وَهُوَ شَامِيٌّ ثِقَةٌ " .

#### বাংলা

২৪৪৭. মুহাম্মদ ইবন ইসমাঈল (রহঃ) ..... আবূ সাল্লাম হাবশী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমার কাছে উমর ইবন আবদুল আযীয় (রহঃ) (তার সঙ্গে সাক্ষাৎ করতে) সংবাদ পাঠালেন। আমাকে খচ্চরে আরোহন করতে হল। পরে তিনি যখন তার কাছে এলেন তখন বললেনঃ হে আমীরুল মু'মিনীন, খচ্চরে আরোহন করতে আমার বেশ কস্ট হয়েছে।



তিনি বললেনঃ হে আবু সাল্লাম, আমি আপনাকে কন্ট দিতে চাইনি। কিন্তু আমার কাছে খবর পৌছেছে যে হাওযে কাউছার সম্পর্কে একটি হাদীস ছাওবান রাদিয়াল্লাহু আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে আপনি বর্ণনা করে থাকেন সেটি আপনি আমার কাছে জবানী শুনাবেন তাই আমি বহু পছন্দ করি।

আবৃ সাল্লাম (রহঃ) বলেন, ছাওবান রাদিয়াল্লাহু আনহু বর্ণনা করেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আমার হাওয় হল আদন থেকে আম্মান আল-বালকা পর্যন্ত বড়। এর পানি দুধের চেয়েও সাদা এবং মধু থেকেও মিঠা আকাশের তারার সংখ্যার ন্যায় এর পানপাত্র। যে ব্যক্তি তা থেকে এক ঢোক পানি পান করবে পরে সে আর কখনো পিপাসার্ত হবে না। এতে সর্বপ্রথম পানি পান করতে আসবে দরিদ্র মুহাজিরগণ-যাদের মাথার চুল উস্কু-খুস্কু, কাপড় চোপড় ধুলিমলিন, যারা ধনবতী মহিলাদের পানি গ্রহণ করেনি, যাদের জন্য দরজা খোলা হয় না।

উমারইবন আবদুল আযীয (রহঃ) বললেনঃ কিন্তু আমি তো ধনবতী মহিলা বিয়ে করেছি, আমার জন্য তো দ্বার খোলে দেওয়া হয়। (উমায়্যা খলীফা) আবদুল মালিকের কন্যা ফাতিমাকে আমি বিয়ে করেছি (যা হোক) উস্কু খুস্কু না হওয়া পর্যন্ত আমি আমার মাথা ধৌত করব না এবং আমার শরীরের কাপড়ও ময়লা না হওয়া পর্যন্ত ধৌত করব না। -হাদিসের মারফূ অংশটুকু সহিহ, ইবনু মাজাহ ৪৩০৩, তিরমিজী হাদিস নম্বরঃ ২৪৪৪ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি এ সূত্রে গারীব। মা'দান ইবন আবূ তালহা-ছাওবান রাদিয়াল্লাহু আনহু সূত্রেও নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে হাদীসটি বর্ণিত আছে। আবূ সাল্লাম হাবশী (রহঃ) এর নাম হল মামতুর। তিনি শাম দেশের অধিবাসী এবং বিশ্বস্ত।

### **English**

Al-'Abbas narrated from Abu Sallam Al-Habashi who said:

"'Umar bin 'Abdul-'Aziz summoned me so I got a ride on a mule." [He said:] "When he entered upon him, he said: 'O Commander of the Beleivers! My riding mule was troublesome for me.' So he said: 'O Abu Sallam!I did not want to trouble you, but a Hadith which you narrated-from Thawban, from the Prophet (s.a.w) about the Hawd-was conveyed to me,and I wanted you to narrate it directly to me."'Abu Sallam said: "Thawban narrated to me from The Messenger of Allah (s.a.w) who said 'My Hawd (is as large as) from 'Adan to 'Amman of Al-Balqa', its water is whiter than milk and sweeter than honey. Its cups are as numerous as the stars, whoever drinks one drink from it, he will never be thirsty after that again. The first people to arrive at it are the poor among the Muhajirin with disheveled heads, dirty clothes, those whom the women of favor would not marry, nor would the doors be open for them.' 'Umar said: 'But I have married a women of favor and the doors are open for me. I married Fatimah bint 'Abdul-Malik. I shall certainly not wash my head until it is disheveled, nor wash my garment which touches my body



## until it becomes dirty."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন